গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
অডিট ও সমন্বয় শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd

নং- ৫২.০০.০০০০.০১০.১৬.০১৮.২১-১২১

তারিখঃ ১৪ আষাঢ় ১৪২৮ / ২৮ জুন ২০২১

বিষয় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)-এর বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণে বিষয়ে অনুষ্ঠিত সভার (ভার্চুয়াল) কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)-এর বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণে বিষয়ে অনুষ্ঠিত সভার (ভার্চুয়াল) কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।

২৮/৬/২০২১

মো: আনোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০২। সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৪। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলদেশ সচিবালয়, ঢাকা।
০৫। চেয়াম্যান, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলদেশ সচিবালয়, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষনা প্রতিষ্ঠান, শের-ই- বাংলা নগর, ঢাকা।
১০। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন সেল) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা (GRS), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১১। পরিচালক (প্রশাসন), এফএ এন্ড এমআইএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
১২। উপসচিব (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপি:
০১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়-কে অবহিতকরণের অনুরোধসহ)।
০২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়-কে অবহিতকরণের অনুরোধসহ)।
০৪। যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা (যুগ্মসচিব সচিব মহোদয়-কে অবহিতকরণের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় শাখা
www.sid.gov.bd

**বিষয়ঃ** অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)-এর বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণে বিষয়ে অনুষ্ঠিত সভার (ভার্চুয়াল) কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ২১ জুন, ২০২১ খ্রিঃ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি) |
| সভাপতি | : | মোছাঃ নূরজাহান খাতুন<br>যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" সংযুক্ত |

সভার শুরুতে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে বিস্তারিত উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব (অডিট ও সমন্বয় শাখা) জনাব মোঃ আনোয়ার হোসেন-কে অনুরোধ জানান। সিনিয়র সহকারী সচিব (অডিট ও সমন্বয় শাখা) বলেন যে, APA এর ইন্ডিকেটরে অংশীজনদের নিয়ে এ বিষয়ে সভা করার কথা উল্লেখ রয়েছে এবং ইতোমধ্যে এ বিষয়ে তিনটি সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি এ সম্পর্কে আরও বলেন যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইটের GRS সেবাবক্সে তথ্য আপ-টু-ডেট করে রাখা হয়। এরপর সভাপতি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বিবিএস এর পরিসংখ্যানগত কোন তথ্য/ডাটা পেতে কোন সমস্যা হয় কিনা বা কোন অভিযোগ আছে কিনা-সে বিষয়ে সকলের মতামত আহ্বান করেন।

০২। সভায় কৃষি মন্ত্রণালয়ের উপসচিব, জনাব নাসিমা খানম বলেন যে, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত যে কোন ডাটা/তথ্য সমূহ যাতে সহজে পাওয়া যায় সে লক্ষ্যে একটি কমন লিংক বা একটি কমন প্লাটফর্ম থাকা প্রয়োজন। এ প্লাটফর্ম তৈরি করা হলে সহজে তথ্য সংগ্রহ করে কম সময়ে কার্যাদি সম্পন্ন করা সম্ভব হবে। এছাড়া তিনি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মধ্যে তথ্য/ডাটা আদান প্রদানের জন্য একটি লিংক করা যায় কিনা সে বিষয়ে প্রস্তাব রাখেন। স্বাস্থ্য সেবা বিভাগের উপসচিব জনাব নূরুন নাহার বলেন যে, কোন ভোগান্তি ছাড়া যাতে ওয়েব সাইটে এ সংক্রান্ত তথ্য সহজে পাওয়া যায় এমন ব্যবস্থা থাকলে ভাল হয়।

০৩। সভায় বিবিএস এর পরিচালক, জনাব মোঃ এমদাদুল হক বলেন যে, বিবিএস এর সকল ডাটা/তথ্য ওয়েবসাইটে আপডেট করা হয়ে থাকে। তিনি কৃষি মন্ত্রণালয়ের উপসচিব, জনাব নাসিমা খানম-এর প্রস্তাবটি বিবিএস ও পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সমন্বয় সভায় আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হতে পারে। তিনি আরও বলেন যে, বিবিএস কর্তৃপক্ষ এ বিষয়ে একটি কর্মসূচি গ্রহণ করেছে যা আগামী জুন ২০২২-এ সম্পন্ন হবে। কর্মসূচি সম্পন্ন হলে দেশ-বিদেশের যে কোন প্রান্ত হতে যে কোন নাগরিক অনলাইনে আবেদন ও ফি দিয়ে মাইক্রোডাটা পেতে সক্ষম হবে। এ প্রসংগে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উপসচিব, ড. দিপংকর রায় বলেন যে, বিবিএস এর সকল তথ্য/প্রকাশনা ওয়েবসাইটে দেওয়া আছে। তিনি সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের সাথে লিংক করে আলাদা আলাদাভাবে প্লাটফর্ম তৈরি করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। তবে মাইক্রোডাটা সরবরাহ করার ক্ষেত্রে বিবিএস-এর বাধ্যবাধকতা রয়েছে।

০৪। সবশেষে সভাপতি বলেন যে, বিবিএস এর পরিসংখ্যানগত তথ্য প্রাপ্তির সুবিধার্থে বিভিন্ন মন্ত্রণালয় তথা সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের সাথে লিংক স্থাপন করে আলাদা আলাদা প্লাটফর্ম তৈরি করা প্রয়োজন। তিনি GRS পদ্ধতিতে যাতে সহজে অভিযোগকারী অভিযোগ দাখিল করতে পারে সে বিষয়ে SID এবং BBS-কে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য মতামত ব্যক্ত করেন।

০৫। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**সিদ্ধান্তসমূহঃ**

(ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর পরিসংখ্যানগত সকল তথ্য প্রাপ্তির সুবিধার্থে কৃষি মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ব্যানবেইজ প্রভৃতি সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের সাথে লিংক স্থাপন করে আলাদা আলাদা প্লাটফর্ম তৈরির জন্য বিবিএস-কে উদ্যোগ গ্রহণ করতে হবে।

(খ) অভিযোগকারীগণ অনলাইনে GRS পদ্ধতিতে যাতে সহজেই অভিযোগ দাখিল করতে পারে সে বিষয়ে SID এবং BBS-কে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। অভিযোগ পাওয়া মাত্রই তাৎক্ষণিকভাবে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা প্রতিপালন করতে হবে।

০৬। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/৬/২০২১

মোছাঃ নূরজাহান খাতুন
যুগ্মসচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

SID-032.1